

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, অত্র হাদীসটি সুলাইমান আল আ'মাশ এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هذا الخبر تفرد به سليمان الأعمش

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُونُسَ حَدَّثَنَا بِشْرُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ  
عَنِ الْأَعْمَشِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ  
عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ كَانَ فِي جِنَازَةٍ فَأَخَذَ عُودًا يَنْكُتُ فِي الْأَرْضِ فَقَالَ:  
(مَا مِنْكُمْ مِنْ أَحَدٍ إِلَّا كُتِبَ مَقْعَدُهُ مِنَ الْجَنَّةِ أَوْ مِنَ النَّارِ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ أَفَلَا  
نَتَكَلَّمُ؟ قَالَ: (اعْمَلُوا كُلُّ مِيسَرٍ) {فَأَمَّا مَنْ أُعْطِيَ وَاتَّقَى \* وَصَدَّقَ بِالْحُسْنَى \* فَسَنُيَسِّرُهُ  
لِلْيُسْرَى \* وَأَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنَى \* وَكَذَّبَ بِالْحُسْنَى \* فَسَنُيَسِّرُهُ لِلْعُسْرَى} [الليل: 5 -  
10].

قَالَ شُعْبَةُ: حَدَّثَنِي مَنْصُورُ بْنُ الْمُعْتَمِرِ فَلَمْ أَنْكَرْهُ مِنْ حَدِيثِ سُلَيْمَانَ.

الراوي : عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 336 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩৩৬. আলী বিন আবী তালিব রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি জানাযায় ছিলেন। অতঃপর তিনি একটি কাষ্ঠখন্ড নিয়ে তা দিয়ে মাটিতে আঁচড় কাটছিলেন। তারপর তিনি বলেন: “তোমাদের মাঝে এমন কেউ নেই, যার জন্য জান্নাতে অথবা জাহান্নামে স্থান নির্দিষ্ট করে দেওয়া হয়নি।” তখন এক ব্যক্তি বললেন: “তবে কি আমরা তার উপরই ভরসা করে (বসে) থাকবো না?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তোমরা আমল করো। কেননা প্রত্যেককেই (যেজন্য সৃষ্টি করা হয়েছে, তা) সহজ করে দেওয়া হবে।” তারপর তিনি এই আয়াত পাঠ করেন: “কাজেই যে ব্যক্তি দান করবে, তাকওয়া

অবলম্বন করবে এবং উত্তম জিনিস সত্যায়ন করবে, তার জন্য সহজ পথ সুগম করে দিব। আর যে ব্যক্তি কার্পণ্য করবে, নিজেকে অমুখাপেক্ষী মনে করবে এবং উত্তম জিনিসকে মিথ্যা প্রতিপন্ন করবে, তার জন্য আমি কঠিন পথ (খারাপ) সহজ করে দিবো।” (সুরা আল লাইল: ৫-১০)[১]

ইমাম শু'বাহ রহিমাহুল্লাহ বলেন: “আমাকে হাদীসটি বর্ণনা করেছেন মানসূর বিন মু'তামির। কিন্তু আমি সুলাইমান সূত্রে বর্ণিত হাদীস অস্বীকার করি না।”

## ফুটনোট

[১] সহীহ আল বুখারী: ৪৯৪৯; মুসনাদ আহমাদ: ১/৮২; সহীহ মুসলিম: ২৬৪৭; তিরমিযী: ২১৩৬; ইবনু মাজাহ: ৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ আল বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88635>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন